

সাম্প্রতিক কর্মকান্ডঃ

প্রশিক্ষণ বিষয়ক :

০১। কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপলিকেশন কোর্স : বেকার যুবক ও যুবমহিলাদের আধুনিক প্রযুক্তি ব্যবহারে দক্ষ করে গড়ে তোলা এবং একই সাথে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ০৬ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়। শিক্ষাগত যোগ্যতা নূন্যতম এইচ,এস,সি পাশ এবং ভর্তি ফি ১০০০/= টাকা।

০২। মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন বিষয়ক প্রশিক্ষণ কোর্সঃ বেকার যুবক ও যুবমহিলাদের আধুনিক প্রযুক্তি ব্যবহারে দক্ষ করে গড়ে তোলা এবং একই সাথে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ০৬ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়। শিক্ষাগত যোগ্যতা নূন্যতম এইচ,এস,সি পাশ এবং ভর্তি ফি ৫০০/= টাকা। উপস্থিতির ভিত্তিতে প্রতিদিন ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হয়।

০৩। পোশাক তৈরী: বেকার যুবক ও যুবমহিলাদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ০৩ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়। শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ এবং ভর্তি ফি ৫০ টাকা। উপস্থিতির ভিত্তিতে প্রতিদিন ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হয়।

০৪। ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিংঃ শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী পাশ এবং ভর্তি ফি ৩০০/= টাকা। উপস্থিতির ভিত্তিতে প্রতিদিন ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হয়।

০৫। ইলেকট্রনিক্সঃ শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী পাশ এবং ভর্তি ফি ৩০০/= টাকা। উপস্থিতির ভিত্তিতে প্রতিদিন ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হয়।

০৬। রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিংঃ শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী পাশ এবং ভর্তি ফি ৩০০/= টাকা। উপস্থিতির ভিত্তিতে প্রতিদিন ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হয়।

০৭। গবাদিপশু হাঙ্গ-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক : বেকার যুবক ও যুবমহিলাদের গবাদি পশু, হাঙ্গ-মুরগী পালন, মৎস্য চাষ ও কৃষি বিষয়ে আধুনিক প্রযুক্তি ব্যবহারের কলাকৌশল সম্পর্কিত ০৩ মাস মেয়াদি আবাসিক প্রশিক্ষণ প্রদান এবং তাদেরকে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করাই এ কর্মসূচীর উদ্দেশ্য। যুবদেরকে প্রশিক্ষনের পাশাপাশি প্রকল্পে সম্পদ সংরক্ষণের জন্য প্রাথমিক চিকিৎসা সম্পর্কে জ্ঞান দান করা হয়। প্রতিটি ব্যাচে ৬০ জন বেকার যুবক ও যুবমহিলাদেরকে ভর্তির মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়। উপস্থিতির ভিত্তিতে প্রতিদিন ১৫০/- টাকা হারে ভাতা প্রদান করা হয়।

০৮। মৎস্য চাষ: বেকার যুবক ও যুবমহিলাদের আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করনের লক্ষ্যে ০১ মাস মেয়াদী মৎস্য চাষ প্রশিক্ষণ প্রদান করা হয়। শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ এবং ভর্তি ফি ৫০/- টাকা। উপস্থিতির ভিত্তিতে প্রতিদিন ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হয়।

০৯। যানবাহন পরিচালনা প্রশিক্ষণ কোর্সঃ ০১ মাস মেয়াদি প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিক ভাবে পরিচালিত। শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী পাশ। বয়স ২১-৩৫ বছর। উপস্থিতির ভিত্তিতে প্রতিদিন ১৫০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হয়।

বিঃ দ্রঃ এ ছাড়াও প্রধান কার্যালয় হতে অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে নিম্নে উল্লেখিত বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হয় এবং উপস্থিতির ভিত্তিতে প্রতিদিন ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হয়।

(ক) ফ্রিল্যান্সিং (খ) মোবাইল সার্ভিসিং এবং রিপায়রিং (গ) ইয়ুথ কিচেন (ঘ) হস্তশিল্প (ঙ) সোলার প্যানেল (চ) ক্যাটারিং।

- ❖ **ইম্প্যাক্ট প্রকল্প :** গবাদি পশু ও মুরগী পালন বিষয়ে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহনকারীদের প্রকল্পের উচ্ছিষ্ট ব্যবহারের মাধ্যমে গ্রাম পর্যায়ে বায়োগ্যাস উৎপাদন করে জ্বালানী চাহিদা পূরন করা এ প্রকল্পে অন্যতম উদ্দেশ্য । পাবনা জেলার জেলা কার্যালয়ে এ প্রকল্পের কার্যক্রম চালু রয়েছে ।
- ❖ **যুব সংগঠন নিবন্ধন :** যুব সংগঠনসমূহকে বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকাণ্ডে সক্রিয়ভাবে সম্পৃক্ত করার লক্ষ্যে বর্তমানে যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে যুব সংগঠনসমূহকে নিবন্ধন করা হচ্ছে ।
- ❖ **ঋণ সংক্রান্ত :** (ক) প্রশিক্ষিত যুব ও যুব মহিলাদের প্রকল্প গ্রহনের মাধ্যমে আত্মকর্মসংস্থান এর সুযোগ সৃষ্টির লক্ষ্যে ৪০,০০০/= টাকা হতে ১,০০,০০০/= টাকা পর্যন্ত ঋণ সুবিধা দেয়া হয় ।
- ❖ (খ) উদ্যোক্তা ঋণ ২০০০০০/-
- ❖ গ্রুপ ভিত্তিক ঋণঃ ১২০০০/-২০০০০/- পর্যন্ত।